

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।



[মুসক অনুবিভাগ]

সাধারণ আদেশ নং- ১/মুসক/২০২৪,

তারিখ: ২০ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/ ০৫ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠান হতে অন্য একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানে রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ হস্তান্তর বা বিক্রয়ের ক্ষেত্রে স্থানীয় ব্যবসায়ী পর্যায়ের মুসক অব্যাহতি প্রদান।

যেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৩ অনুযায়ী রপ্তানির নিমিত্ত পণ্য সরবরাহ শূন্য হার বিশিষ্ট; এবং

যেহেতু, ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানসমূহ রপ্তানির নিমিত্ত পণ্য উৎপাদন করিয়া থাকে; এবং

যেহেতু, ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানের ব্যবসায়ী কার্যক্রম সহজীকরণ এবং রপ্তানিকে উৎসাহিতকরণ একান্তভাবে প্রয়োজন;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠান হতে অন্য একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানে রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ হস্তান্তর বা বিক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্থানীয় ব্যবসায়ী পর্যায়ের আরোপনীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলি:

- (ক) রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহ গ্রহণকারী ও সরবরাহ প্রদানকারী উভয়েই ওয়্যারহাউস লাইসেন্সধারী হইতে হইবে;
- (খ) রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহ প্রদানকারী প্রতিষ্ঠান যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির স্বপক্ষে বিল অব এন্ট্রি বা পণ্যের ঘোষণাসহ সরবরাহ প্রদানের অনুমতি চেয়ে, সংশ্লিষ্ট ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনার এর নিকট আবেদন করিবেন এবং ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনার এই আদেশের অন্যান্য শর্তাবলি পরিপালিত হওয়া সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে সরবরাহের অনুমতি প্রদান করিবেন; এবং
- (গ) রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহ গ্রহণকারী ও সরবরাহ প্রদানকারী উভয়েরই যন্ত্রপাতি ও যন্ত্রাংশের তালিকা যে কর মেয়াদে সরবরাহটি সম্পন্ন হইবে উক্ত কর মেয়াদের রিটার্নে প্রদর্শনসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষর/—

(ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী)
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

(তঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো)।